গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

নম্বর -০৫.৪৫.০০০০.০১২.০৬.০০১.২০-১০২

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ মে ২০২২ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

'শুদ্ধাচার পুরস্কার প্রদান সংশোধনী নীতিমালা ২০২১' অনুযায়ী গঠিত ময়মনসিংহ বিভাগীয় বাছাই কমিটির গত ১৮/০৫/২০২২ খ্রি তারিখে সভার সিদ্ধান্তের আলোকে ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীকে মনোনয়ন দেয়া হলো:

| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | ক্যাটাগরি/গ্রেড | মূল বেতন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | জনাব এস এ এম রফিকুন্নবী<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব),<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ | ৩ | ৬৬,১২০/- | |
| ০২. | জনাব মো: মোমিনুর রশীদ<br>জেলা প্রশাসক, শেরপুর। | ৫ | ৬১,২০০/- | |
| ০৩. | জনাব শাকিল আহম্মেদ<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক,<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ | ১৬ | ১১,৩২০/ | |
| ০৪ | জনাব মো: সাজাদুল ইসলাম<br>অফিস সহায়ক,<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ | ২০ | ৮,৬৭০/- | |

০২। পুরস্কারের জন্য মনোনীত কর্মকর্তা/কর্মচারী বর্ণিত নীতিমালা, ২০২১ এর ০৭ নং অনুচ্ছেদের আলোকে পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পাবেন।

(মোঃ শফিকুর রেজা বিশ্বাস)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ফোন:+৮৮-০৯১-৬১৪৪৪ (অফিস)
ফ্যাক্স:+৮৮-০৯১-৬৬৪৪০ (অফিস)
ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৩.২০-১০২(৫)

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ মে ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।

১৮/০৫/২০২২
(ফারুক আহমেদ)
সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
(উন্নয়ন শাখা)
www.mymensinghdiv.gov.bd

বিষয়: 'শুদ্ধাচার পুরস্কার প্রদান সংশোধনী নীতিমালা-২০২১' অনুযায়ী পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা-কর্মচারী বাছাইয়ের নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শফিকুর রেজা বিশ্বাস<br>বিভাগীয় কমিশনার<br>ময়মনসিংহ |
| সভার তারিখ ও সময় | : | ১৮/০৫/২০২২খ্রি., বিকাল ০৩.০০ টা |
| সভার স্থান | : | বিভাগীয় কমিশনার সম্মেলনকক্ষ |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) শুদ্ধাচার পুরস্কার প্রদান সংশোধনী নীতিমালা ২০২১ এবং পুরস্কার প্রদান সর্ম্পকে স্পষ্টিকরণ বিষয়ক মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মার্চ ২০১৮ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩ সভায় উপস্থাপন করেন। নীতিমালার ৩.৩ মোতাবেক বিভাগীয় কমিশনার কার্যালয়ের গ্রেড-২ হতে গ্রেড-৯ ভূক্ত ১ জন কর্মকর্তা, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভূক্ত ১ জন কর্মচারী, গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভূক্ত ১ জন কর্মচারী এবং জেলা কার্যালয় হতে ১ জন কর্মকর্তাকে নীতিমালার ৪.০ এ বর্ণিত সূচক এবং নীতমালার মানদন্ডের আলোকে মূল্যায়ন করে সেরাদের এ পুরস্কার প্রদানের নির্দেশনা রয়েছে। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) বলেন, বিভাগীয় কমিশনার কার্যালয়ের গ্রেড- ২ হতে গ্রেড-০৯ ভূক্ত বর্তমানে ৫ জন কর্মকর্তা রয়েছে। মূল্যায়নে জনাব **এস এ এম রফিকুন্নবী**, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) সূচকগুলোর আলোকে ৮০ নম্বরের এর বেশি এবং সর্বোচ্চ ৯২ নম্বর প্রাপ্ত হন।

বিভাগীয় কমিশনার কার্যালয়ের গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভূক্ত বর্তমানে ৩২ জন কর্মচারী রয়েছেন। নীতিমালার বর্ণিত সূচক ও মানদণ্ডের আলোকে মূল্যায়নে জনাব শাকিল আহম্মেদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৮০ নম্বরের এর বেশি ও ৮৩ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হন।

বিভাগীয় কমিশনার কার্যালয়ের গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভূক্ত বর্তমানে ১৭ জন কর্মচারী রয়েছেন। সকলেই এ কার্যালয়ে ৬ মাসের অধিক সময় কর্মরত আছেন। নীতিমালার বর্ণিত সূচক ও মানদণ্ডের আলোকে মূল্যায়নে জনাব মো: সাজাদুল ইসলাম, অফিস সহায়ক ৮০ নম্বরের এর বেশি ও ৮১ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হন।

বিভাগের আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ে ৪ জন জেলা প্রশাসক ৬ মাসের অধিক সময় ধরে কর্মরত রয়েছেন। তাঁদের মধ্যে জনাব মো: মোমিনুর রশীদ, জেলা প্রশাসক, শেরপুর নীতিমালায় বর্ণিত সূচক ও মানদণ্ডের আলোকে ৮০ এর বেশি ও সর্বোচ্চ ৯১ নম্বর প্রাপ্ত হন।

সভাপতি বলেন, শুদ্ধাচার পুরস্কার প্রদান নিঃসন্দেহে সকল কর্মচারীকে শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করবে। যদিও একাধিক কর্মচারীর এ পুরস্কার প্রাপ্তির যোগ্যতা রয়েছে তথাপি নীতিমালা অনুযায়ী প্রতিবছর ৩ জন কর্মচারীকে এ পুরস্কার প্রদানের নির্দেশনা রয়েছে। তাই পুরস্কার না পেলেও সকলকে শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.৩ মোতাবেক:

| | |
|---|---|
| গ্রেড-২ হতে গ্রেড-৯ | জনাব এস এ এম রফিকুন্নবী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) |
| গ্রেড-১০ হতে গ্রেড-১৬ | জনাব শাকিল আহম্মেদ, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| গ্রেড-১৭ হতে গ্রেড-২০ | জনাব মো: সাজাদুল ইসলাম, অফিস সহায়ক |

বিভাগীয় কমিশনার কার্যালয়, ময়মনসিংহকে শুদ্ধাচার পুরস্কার ২০২২ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বিভাগের আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.৩ মোতাবেক জনাব মো: মোমিনুর রশীদ, জেলা প্রশাসক, শেরপুরকে শুদ্ধাচার পুরস্কার ২০২২ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। মনোনীত কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা সংশোধনী ২০২১ এর ০৭ নং অনুচ্ছেদের আলোকে পুরস্কার হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ-এর নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে যারা শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত হননি তারা শুদ্ধাচার চর্চা করে ভবিষ্যতে এ পুরস্কার পাওয়ার জন্য নিজেকে তৈরি করবেন এবং যারা পুরস্কার পেয়েছেন তারা অন্যান্যদের শুদ্ধাচার চর্চায় উৎসাহিত করবেন এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৫/২২
(মোঃ শফিকুর রেজা বিশ্বাস)
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৬১৪৪৪- (অফিস)
ফ্যাক্স: ০২৯৯৬৬৬৬৪৪০ (অফিস)
ই-মেইল -divcommymensingh@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৫.০০০০.০১২.১৮.০০৩.২০- ৯৮

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ / ১৮ মে ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জনাব.......................................................................................................।
৬. বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

২৪/০৫/২০২২
(ফারুক আহমেদ)
সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ময়মনসিংহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাজেট ও অডিট শাখা

www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১৫.০০৮.১৬.১২৪১

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

প্রাপক:

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

বিষয়: **চলতি ২০২১-২২ অর্থবছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের জন্য ৩২১১১০১-পুরস্কার বরাদ্দ মঞ্জুরি।**

সূত্র: ০৫.৪৫.০০০০.০১২.০৬.০০১.১৭.১৪৯ ২৪ মে ২০২২

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশিত হয়ে নিম্নবর্ণিত উপখাতে ২০২১-২২ অর্থবছরে বরাদ্দ ও ব্যয়ের মঞ্জুরি জ্ঞাপন করছি:

| | |
|---|---|
| **১০৭০৩০১০০০০০০-বিভাগীয় কমিশনারের কার্যালয়** | **কিস্তি-০৮** |
| **১০৭০৩০১১০০৭২৬-বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ**<br>৩২১১১০১-পুরস্কার<br>(২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহের জন্য) | ২,০০,০০০/-(দুই লক্ষ) |
| **মোট=** | **২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা** |

২। এ অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে। প্রদত্ত বরাদ্দের বিষয়ে জিজ্ঞাস্য থাকলে কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

৫-৬-২০২২

মোঃ মাসুদুল হাসান
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৬৬৩
ইমেইল:
budgetmngtbr@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১১৫.০০৮.১৬.১২৪১/১

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
উন্নয়ন শাখা
www.mymensinghdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.০০০০.০১২.০৬.০০১.১৭.১৪৯ তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯
২৪ মে ২০২২

বিষয়: **২০২১-২২ অর্থবছরে কোড নং-১০৭০৩০১১০০৭২৬-বিভাগীয় কমিশনারের কার্যালয়সমূহ এর পুরস্কার উপখাতে বরাদ্দ প্রদান।**

সূত্র: ০১। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট অধিশাখার নম্বর-০৫.০০.০০০০.১১৫.২০.০৭৩.১৬.৫৭(৮), তারিখ: ৩১ জুলাই, ২০১৮
০২। মন্ত্রিপরিষদ বিভাগের নম্বর ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২.১৬.০৫৩, তারিখ: ১৩ মার্চ ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে এ কার্যালয়ের বিভিন্ন উপখাতে বরাদ্দ প্রদান করা হলেও কোড নং-৩২১১১০১-পুরস্কার উপখাতে বরাদ্দ প্রদান করা হয়নি। ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য উক্ত উপখাতে বরাদ্দ প্রয়োজন।

<u>চাহিদার বিবরণ</u>

| ক্র: ম | উপখাত | কোড নং | ২০২১-২২ অর্থবছরে বরাদ্দ | এ যাবত ব্যয় | চাহিদার পরিমাণ (টাকা) | চাহিদার যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | পুরস্কার | ৩২১১১০১ | - | - | ২,০০,০০০/- | ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ |
| | | | | সর্বমোট = | ২,০০,০০০/- | |

০৩। এমতাবস্থায়, ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যয় নির্বাহ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত এ কার্যালয়ের অনুকূলে উপরোল্লিখিত উপখাতে সর্বমোট = ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৪-৫-২০২২
মো: শফিকুর রেজা বিশ্বাস
বিভাগীয় কমিশনার
ফোন: ০২৯৯৭৭১০২৪৭
ফ্যাক্স: ০২৯৯৬৬৬৬৪৪০
ইমেইল:
divcommymensingh@mopa.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.৪৫.০০০০.০১২.০৬.০০১.১৭.১৪৯/১ তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, বাজেট ও অডিট শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

২৪-৫-২০২২
মো: শফিকুর রেজা বিশ্বাস
বিভাগীয় কমিশনার